

## ম্যানগ্রোভ রক্ষার্থে সুন্দরবনে সেফ-এর আন্তর্জাতিক কর্মশালা



নিজস্ব সংবাদদাতা, দক্ষিণ ২৪ পরগনা : মানব জীবনে বেঁচে থাকার উৎস হল অক্সিজেন যা সবুজ বৃক্ষ থেকে পাওয়া যায়। তাই মানব জীবনে জীবন জীবিকার জন্য অসংখ্য গাছ কেটে ফেলায় অক্সিজেনের মাত্রা কমেতে চলেছে। দক্ষিণ চব্বিশ পরগনার সুন্দরবন নদীর পার্শ্ববর্তী এলাকায় গাছ কেটে ফেলে নদীবক্ষে ক্ষতির পরিমাণ বাড়িয়ে চলেছেন একদল মানুষ। তাই গাছকে বাঁচিয়ে রাখার লক্ষ্য হিসেবে বেছে নিয়েছেন কিছু সংস্থা কর্মীরা। তারই এক নিদর্শন দেখা গেল ৭ নভেম্বর দক্ষিণ ২৪

পরগনা জেলার সুন্দরবনের সোজনেখালি ইন্ডিয়ান সুন্দরবন সভাঘরে। মানুষের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে একটি কর্মযজ্ঞের আয়োজন করা হয়। যাদবপুরে ইউনিভার্সিটির কিছু স্টুডেন্ট এদিনের এই কর্মশালায় উপস্থিত ছিলেন। SAFI - সাউথ এশিয়ান ফোরাম ফর এনভায়রনমেন্ট STR ডিপার্টমেন্ট অফ সুন্দরবন টাইগার ফরেস্ট রিসিভ এবং পারগন ফাউন্ডেশন ফর রিচার্জ ইনভেশনস উদ্যোগে এই সভার আয়োজন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন

(Supitcha Tiypipat - Thailand) (Alexandre HD-France), দক্ষিণ চব্বিশ পরগনা জেলার আমতলী থামের পঞ্চায়েত প্রধান রঞ্জন মন্ডল, বিশিষ্ট উদ্ভিদ বিশেষজ্ঞ পুনঃ বসু চৌধুরী, সুন্দরবনের ফরেস্ট ডাইরেক্টর ডঃ দ্বৈপায়ন দে, ডঃ মালধঃ দে, সাউথ এশিয়ান ফোরাম ফর ইনভারমেন্ট এর অধিকর্তা তাপস রায়, সুন্দরবন ডিভিশনাল ফরেস্ট অফিসার অ্যাসিস্ট্যান্ট অনুরাগ চৌধুরী, আরো অনেক বিশিষ্ট অতিথিবর্গ।